# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১১৭) কুরআন মাজীদে আমলনামা পেশ ও হিসাবের ধরণ কিভাবে বর্ণনা করা হয়েছে?

উত্তরঃ কিয়ামতের দিন বান্দার আমলনামা প্রদান ও হিসাব সম্পর্কে আল্লাহ্ তাআলা বলেনঃ

يَوْمَئِذٍ تُعْرَضُونَ لاَ تَخْفَى مِنْكُمْ خَافِيَةٌ

‘‘সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে এবং তোমাদের কিছুই গোপন থাকবে না’’। (সূরা আল-হাক্কাহঃ ১৮) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

وَعُرِضُوا عَلَى رَبِّكَ صَفًّا لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ

‘‘আর তাদেরকে তোমার প্রতিপালকের নিকট উপস্থিত করা হবে সারিবদ্ধভাবে এবং বলা হবেঃ তোমাদেরকে প্রথমবার যেভাবে সৃষ্টি করেছিলাম, সেভাবেই তোমরা আমার নিকট উপস্থিত হয়েছ’’। (সূরা কাহফঃ ৪৮) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ أُمَّةٍ فَوْجًا مِمَّنْ يُكَذِّبُ بِآيَاتِنَا فَهُمْ يُوزَعُونَ * حَتَّى إِذَا جَاءُوا قَالَ أَكَذَّبْتُمْ بِآيَاتِي وَلَمْ تُحِيطُوا بِهَا عِلْمًا أَمْ مَاذَا كُنْتُمْ تَعْمَلُونَ * وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوا فَهُمْ لاَ يَنْطِقُونَ

‘‘যেদিন আমি সমবেত করব প্রত্যেক সম্প্রদায় হতে এক একটি দলকে। যারা আমার নির্দেশাবলী প্রত্যাখ্যান করত এবং তাদেরকে সারিবদ্ধ করা হবে। যখন তারা সমাগত হবে, তখন আল্লাহ্ বলবেনঃ তোমরা আমার নিদর্শন প্রত্যাখ্যান করেছিলে আর ওটা তোমরা জ্ঞানায়ত্ব করতে পার নি? না তোমরা অন্য কিছু করছিলে? সীমালঙ্ঘন হেতু তাদের উপর ঘোষিত শাস্তি এসে পড়বে। ফলে তারা কিছুই বলতে পারবে না। (সূরা আন্-নামলঃ ৮৩-৮৫) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

يَوْمَئِذٍ يَصْدُرُ النَّاسُ أَشْتَاتًا لِيُرَوْا أَعْمَالَهُمْ * فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ * وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ

‘‘সেদিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বের হবে তাদের কৃতকর্ম দেখানোর জন্য। অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করে থাকলে তা দেখতে পাবে। আর কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখতে পাবে’’। (সূরা যিলযালঃ ৬-৮) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

فَوَرَبِّكَ لَنَسْأَلَنَّهُمْ أَجْمَعِينَ * عَمَّا كَانُوا يَعْمَلُونَ

‘‘আপনার প্রতিপালকের শপথ! আমি তাদেরকে জিজ্ঞেস করব তাদের কৃতকর্ম সম্পর্কে’’। (সূরা হিজরঃ ৯৩) আল্লাহ্ তাআ’লা আরও বলেনঃ

وَقِفُوهُمْ إِنَّهُمْ مَسْئُولُونَ

‘‘তাদেরকে দাঁড় করিয়ে রাখ। তাদেরকে জিজ্ঞাসা করা হবে’’। (সূরা আস্ সাফফাতঃ ২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11931

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন